জেলা পরিষদ
মুন্সীগঞ্জ
www.zpmunshiganj.gov.bd

স্মারক নং-৪৬.৪১.৫৯০০.০০১.৫৬.১৬৬.২৬-২৭৩ | তারিখ : ২০-০৪-২০২৬ খ্রি.

**"অডিটরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুন্সীগঞ্জ জেলা পরিষদ এর মালিকানাধীন নিম্নবর্ণিত ০২(দুই)টি অডিটরিয়াম-কাম কমিউনিটি সেন্টার আগামী ০৩ (তিন) অর্থবছরের জন্য (২০২৬-২০২৯) লীজ/ইজারা প্রদানের নিমিত্ত নির্ধারিত ফরমে দরপত্র আহবান করা যাচ্ছে।

(ক) অডিটরিয়াম-কাম-কমিউনিটি সেন্টারের নাম ঃ-

(১) সিরাজদিখান অডিটরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার ।
(২) অতীশ দীপঙ্কর পাবলিক লাইব্রেরি-কাম কমিউনিটি সেন্টার ।

(খ) দরপত্র/সিডিউল ফরম বিক্রয় ও গ্রহণের নির্ধারিত স্থান ঃ-

(১) জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ (স্থানীয় সরকার শাখা)।
(২) জেলা পরিষদ কার্যালয়, মুন্সীগঞ্জ।
(৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মুন্সীগঞ্জ সদর/সিরাজদিখান উপজেলা, জেলাঃ মুন্সীগঞ্জ।

(গ) দরপত্র/সিডিউল বিক্রয় ও দাখিলের তারিখ এবং সময়সূচী ঃ-

| পর্যায় | দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম | ০৫-০৫-২০২৬ পর্যন্ত | ০৬-০৫-২০২৬ তারিখ ১.০০ ঘটিকা পর্যন্ত | ০৬-০৫-২০২৬ তারিখ ৩.০০ ঘটিকা |
| ২য় | ১৮-০৫-২০২৬ পর্যন্ত | ১৯-০৫-২০২৬ তারিখ ১.০০ ঘটিকা পর্যন্ত | ১৯-০৫-২০২৬ তারিখ ৩.০০ ঘটিকা |
| ৩য় | ০৯-০৬-২০২৬ পর্যন্ত | ১০-০৬-২০২৬ তারিখ ১.০০ ঘটিকা পর্যন্ত | ১০-০৬-২০২৬ তারিখ ৩.০০ ঘটিকা |

**অডিটরিয়াম এর তালিকাঃ-**

| ক্রমিক নং | অডিটরিয়ামের নাম | উপজেলার নাম | প্রতি সেট দরপত্রের মূল্য | সম্ভাব্য ইজারা মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | অতীশ দীপঙ্কর পাবলিক লাইব্রেরি-কাম কমিউনিটি সেন্টার | মুন্সীগঞ্জ সদর | ২,০০০/- | ৭২,৬০০/- |
| ০২ | সিরাজদিখান অডিটরিয়াম-কাম কমিউনিটি সেন্টার | সিরাজদিখান | ২,০০০/- | ৭২,২০০/- |

শর্তাবলী ঃ-

০১। জেলা পরিষদের প্রশাসন শাখা হতে প্রতিটি দরপত্র ফরম ২,০০০/-(দুই হাজার) টাকা নগদ মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে।
০২। অডিটরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার এর ইজারার মেয়াদ ০১-০৭-২০২৬ হতে ৩০-০৬-২০২৯ তারিখ পর্যন্ত।
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মুন্সীগঞ্জ অথবা তাঁর ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কর্মকর্তা ও দরপত্রে অংশগ্রহণকারী/প্রতিনিধিদের উপস্থিতিতে দরপত্র সমূহ খোলা হবে।
০৪। ইজারায় অংশগ্রহণকারী প্রত্যেকটি দরপত্রে উদ্ধৃত সমুদয় অর্থ ১০০% হিসেবে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মুন্সীগঞ্জ বরাবর যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দাখিল করতে হবে। কৃতকার্য দরদাতাকে উদ্ধৃত দরের ১০% উৎসে কর ও ১৫% ভ্যাট দরপত্র গৃহীত হওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে অবশ্যই পরিশোধ করতে হবে। অন্যথায় দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত টাকা বাজেয়াপ্ত করা হবে।
০৫। দরপত্রে ০৩ (তিন) অর্থবছরের জন্য মোট ইজারা মূল্য অংকে ও কথায় সুস্পষ্ট ভাবে নির্ধারিত কলামে লিখতে হবে।
০৬। কোন ত্রুটির জন্য দরপত্র বাতিল হলে দরপত্রের সাথে দাখিলকৃত জামানতের টাকা দরপত্র গ্রহণের সিদ্ধান্তের পর ফেরৎ দেয়া হবে।
০৭। দরপত্র গৃহীত হওয়ার পর চুক্তিনামার সাথে জামানত বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পে-অর্ডার/ডিডি ০৩ (তিন) অর্থবছর পর ফেরৎযোগ্য হিসেবে দাখিল করতে হবে।
০৮। ইজারার অন্যান্য শর্তসমূহ দরপত্র ফরমে ও ওয়েবসাইটে পাওয়া যাবে।

20/04/26

(মোছাঃ নাজমা নাহার)
উপসচিব
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ,মুন্সীগঞ্জ
zpmunshiganj@lgd.gov.bd
ফোনঃ ০২-৯৯৭৭৩১২৩৩ (অফিস)

F:\Nazrul D Drive\Auditorium.doc

CamScanner

জেলা পরিষদ
মুন্সীগঞ্জ
www.zpmunshiganj.gov.bd

স্মারক নং-৪৬.৪১.৫৯০০.০০১.৫৬.১৬৪.২৬-২৭১ তারিখঃ ২০-০৪-২০২৬ খ্রি.

## "খেয়াঘাট ও সাইডকাটিং ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুন্সীগঞ্জ জেলা পরিষদের মালিকানাধীন ও পরিচালিত নিম্নবর্ণিত ০৬ (ছয়)টি খেয়াঘাট ও ০৩(তিন) টি সাইডকাটিং আগামী ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য (০১/০৭/২০২৬ তারিখ হতে ৩০/০৬/২০২৭ পর্যন্ত) ইজারা প্রদানের নিমিত্ত সকল আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা হচ্ছে।

দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের স্থান, তারিখ ও সময়সূচী:-

(১) জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ (স্থানীয় সরকার শাখা)
(২) জেলা পরিষদ কার্যালয়, মুন্সীগঞ্জ
(৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় মুন্সীগঞ্জ সদর/টংগীবাড়ি/ সিরাজদিখান ও শ্রীনগর উপজেলা, জেলাঃ মুন্সীগঞ্জ

| পর্যায় | দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম | ০৫-০৫-২০২৬ পর্যন্ত | ০৬-০৫-২০২৬ তারিখ ১.০০ ঘটিকা পর্যন্ত | ০৬-০৫-২০২৬ তারিখ ৩.০০ ঘটিকা |
| ২য় | ১৮-০৫-২০২৬ পর্যন্ত | ১৯-০৫-২০২৬ তারিখ ১.০০ ঘটিকা পর্যন্ত | ১৯-০৫-২০২৬ তারিখ ৩.০০ ঘটিকা |
| ৩য় | ০৯-০৬-২০২৬ পর্যন্ত | ১০-০৬-২০২৬ তারিখ ১.০০ ঘটিকা পর্যন্ত | ১০-০৬-২০২৬ তারিখ ৩.০০ ঘটিকা |

### খেয়াঘাটের তালিকা:-

| খেয়াঘাটের নাম | উপজেলার নাম | প্রতিসেট দরপত্রের মূল্য | সম্ভাব্য সর্বনিম্ন ইজারা মূল্য |
|---|---|---|---|
| বালিগাঁও খেয়াঘাট | টংগীবাড়ি | ৫০০/- | ৪,১২,৫০০/- |
| তালতলা বাজার ও ডাকবাংলো সংলগ্ন খেয়াঘাট | সিরাজদিখান | ৫০০/- | ৮,৯২,১০০/- |
| তালতলা ফেগুনাসার খেয়াঘাট | সিরাজদিখান | ৫০০/- | ৪৯,৬১০/- |
| মরিচা কামার কান্দা খেয়াঘাট | সিরাজদিখান | ৫০০/- | ২৬,১৪৭/- |
| সুধারচর খেয়াঘাট | মুন্সীগঞ্জ সদর | ৫০০/- | ১,১০,০০০/- |
| বয়রাগাদি-রামানন্দ-ভূইয়ার বাজার খেয়াঘাট | সিরাজদিখান | ২০০/- | ২,৮৬০/- |

### সাইডকাটিংঃ-

| সাইডকাটিংয়ের নামঃ | উপজেলার নাম | প্রতিসেট দরপত্রের মূল্য | সম্ভাব্য সর্বনিম্ন ইজারা মূল্য |
|---|---|---|---|
| দামলা সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে ভাগ্যকূল পর্যন্ত সাইডকাটিং | শ্রীনগর | ৫০০/- | ৭২,৮২০/- |
| কুসুমপুর হতে চন্দনদোল পর্যন্ত | সিরাজদিখান | ২০০/- | ৩,৩০০/- |
| মুন্সীগঞ্জ শহরস্থ বাস ষ্ট্যান্ডের নিকট পুলিশ লাইন পর্যন্ত ২৩ শতাংশ ডোবা | মুন্সীগঞ্জ সদর | ৫০০/- | ১,৩২,৬৪৫/- |

**শর্তাবলী:**

০১। প্রতি সেট দরপত্র/সিডিউলের সম্ভাব্য মূল্য ২০,০০০/- টাকা পর্যন্ত নগদ ২০০.০০(দুইশত) টাকা এবং সম্ভাব্য মূল্য ২০,০০০/- টাকার উর্দ্ধে নগদ ৫০০/-(পাঁচশত) টাকা পরিশোধপূর্বক (অফেরৎযোগ্য মূল্যে) ক্রয় করতে হবে। দরপত্র দাখিলের শেষ তারিখে কোন দরপত্র ফরম বিক্রয় করা হবে না।

০২। দরপত্র গ্রহণের বর্ণিত তারিখ ও সময় পর্যন্ত বর্ণিত অফিস সমূহে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিনই নির্ধারিত সময়ে উপস্থিত দরদাতাগণের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) অত্র কার্যালয়ে দরপত্র সমূহ খোলা হবে।

০৩। খামের উপর সংশ্লিষ্ট খেয়াঘাট/সাইডকাটিং এর নাম উল্লেখ করতে হবে।

০৪। দরপত্রে উদ্ধৃত সমুদয় অর্থ (১০০%) "প্রধান নির্বাহী কর্মকর্তা" জেলা পরিষদ, মুন্সীগঞ্জ এর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে। এরূপ ক্ষেত্রে খেয়াঘাট, সাইডকাটিং পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫। সর্বোচ্চ দরদাতাকে ইজারা মূল্য/ উদ্ধৃত দরের অতিরিক্ত ১৫% ভ্যাট ও ১০% উৎসে কর ০৭ (সাত) দিনের মধ্যে পরিশোধ করতে হবে।

০৬। কৃতকার্য দরদাতাকে সমুদয় অর্থ নির্ধারিত তারিখের মধ্যে পরিশোধপূর্বক চুক্তিনামা সম্পাদন করতে হবে। অন্যথায় খেয়াঘাট, সাইডকাটিং এর দখল বুঝিয়ে দেয়া হবে না।

০৭। কৃতকার্য দরদাতা উপরে বর্ণিত শর্তাদি ছাড়াও সংশ্লিষ্ট বিষয়ে সরকার কর্তৃক জারীকৃত বিধি বিধান পালনে বাধ্য থাকবেন।

০৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই দাখিলকৃত যে কোন অথবা সকল দরপত্র বাতিল, সংশোধন ও গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করে।

২০/০৪/২৬

(মোছাঃ নাজমা নাহার)
উপসচিব
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মুন্সীগঞ্জ
zpmunshiganj@lgd.gov.bd
ফোন: ০২-৯৯৭৭৩১২৩৩ (অফিস)

F:\Nazrul D Drive\All Fill\Local Disk - E\My documents\Kheyaghat pukur, sidecutting 13-14.doc

# জেলা পরিষদ
## মুন্সীগঞ্জ

www.zpmunshiganj.gov.bd

স্মারক নং-৪৬.৪১.৫৯০০.০০১.৫৬.১৬৫.২৬-২৭২ তারিখঃ ২০-০৪-২০২৬ খ্রি.

### "পুকুর ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুন্সীগঞ্জ জেলা পরিষদের মালিকানাধীন নিম্নবর্ণিত ১১ (এগার) টি পুকুর ০৩ (তিন) অর্থবছর মেয়াদে (১লা জুলাই/২০২৬ হতে ৩০শে জুন ২০২৯ পর্যন্ত) মৎস্য চাষের জন্য ইজারা প্রদানের নিমিত্ত সকল আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা হচ্ছে।

দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের স্থান, তারিখ ও সময়সূচী:-

(১) জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ (স্থানীয় সরকার শাখা)
(২) জেলা পরিষদ, মুন্সীগঞ্জ
(৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় মুন্সীগঞ্জ সদর/টংগীবাড়ি/সিরাজদিখান/শ্রীনগর ও লৌহজং উপজেলা, জেলাঃ মুন্সীগঞ্জ

| পর্যায় | দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম | ০৫-০৫-২০২৬ পর্যন্ত | ০৬-০৫-২০২৬ তারিখ ১.০০ ঘটিকা পর্যন্ত | ০৬-০৫-২০২৬ তারিখ ৩.০০ ঘটিকা |
| ২য় | ১৮-০৫-২০২৬ পর্যন্ত | ১৯-০৫-২০২৬ তারিখ ১.০০ ঘটিকা পর্যন্ত | ১৯-০৫-২০২৬ তারিখ ৩.০০ ঘটিকা |
| ৩য় | ০৯-০৬-২০২৬ পর্যন্ত | ১০-০৬-২০২৬ তারিখ ১.০০ ঘটিকা পর্যন্ত | ১০-০৬-২০২৬ তারিখ ৩.০০ ঘটিকা |

**পুকুর -এর তালিকা:-**

| ক্রমিক নং | পুকুরের নাম | উপজেলার নাম | প্রতি সেট দরপত্রের মূল্য | সম্ভাব্য ইজারা মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | মুন্সীগঞ্জ থানা সংলগ্ন পুকুর | মুন্সীগঞ্জ সদর | ৫০০/- | ৪৯,৭২০/- |
| ০২ | মীরেরশ্বরাই পুকুর | মুন্সীগঞ্জ সদর | ৫০০/- | ৪০,৪২৫/- |
| ০৩ | শ্রীনগর ডাকবাংলো সংলগ্ন পুকুর | শ্রীনগর | ৫০০/- | ২,৪৮,৭১০/- |
| ০৪ | বাসাইলভোগ পুকুর | শ্রীনগর | ৫০০/- | ১,১৩,৪১০/- |
| ০৫ | গোয়ালীমান্দ্রা পুকুর | লৌহজং | ৫০০/- | ৬৯,৪৬৫/- |
| ০৬ | টংগীবাড়ি ডাকবাংলো সংলগ্ন পুকুর | টংগীবাড়ি | ৫০০/- | ৬১,৬০০/- |
| ০৭ | শেখের নগর পুকুর | সিরাজদিখান | ৫০০/- | ৩৪,১০০/- |
| ০৮ | খারশুল পুকুর | শ্রীনগর | ৫০০/- | ২৮,৭১০/- |
| ০৯ | কেয়াইন পুকুর | সিরাজদিখান | ২০০/- | ১২,১০০/- |
| ১০ | ব্রাহ্মণ খোলা পুকুর | সিরাজদিখান | ৫০০/- | ৭৭,০০০/- |
| ১১ | বাঘড়া পুকুর | শ্রীনগর | ৫০০/- | ১,১০,১১০/- |

**শর্তাবলী:-**

০১। প্রতি সেট দরপত্র/সিডিউলের সম্ভাব্য মূল্য ২০,০০০/- টাকা পর্যন্ত নগদ ২০০.০০(দুই শত) টাকা এবং সম্ভাব্য মূল্য ২০,০০০/- টাকার উর্দ্ধে নগদ ৫০০/-(পাঁচশত) টাকা পরিশোধপূর্বক (অফেরৎযোগ্য মূল্যে) ক্রয় করতে হবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র ফরম বিক্রয় করা হবে না।

০২। দরপত্র গ্রহণের বর্ণিত তারিখ ও সময় পর্যন্ত বর্ণিত অফিস সমূহে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিনই নির্ধারিত সময়ে উপস্থিত দরদাতাগণের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) অত্র কার্যালয়ে দরপত্র সমূহ খোলা হবে।

০৩। খামের উপর সংশ্লিষ্ট পুকুর এর নাম উল্লেখ করতে হবে।

০৪। দরপত্রে উদ্ধৃত সমুদয় অর্থ (১০০%) "প্রধান নির্বাহী কর্মকর্তা" জেলা পরিষদ, মুন্সীগঞ্জ এর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে। এরূপ ক্ষেত্রে পুকুর পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫। কৃতকার্য দরদাতাকে ইজারা মূল্য/ উদ্ধৃত দরের অতিরিক্ত ১৫% ভ্যাট ও ১০% উৎসে কর ০৭ (সাত) দিনের মধ্যে পরিশোধ করতে হবে।

০৬। কৃতকার্য দরদাতাকে সমুদয় অর্থ নির্ধারিত তারিখের মধ্যে পরিশোধপূর্বক চুক্তিনামা সম্পাদন করতে হবে। অন্যথায় পুকুর এর দখল বুঝিয়ে দেয়া হবেনা।

০৭। কৃতকার্য দরদাতা উপরে বর্ণিত শর্তাবলী ছাড়া ও সংশ্লিষ্ট বিষয়ে সরকার কর্তৃক জারীকৃত বিধি বিধান পালনে বাধ্য থাকবেন।

০৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই দাখিলকৃত যে কোন অথবা সকল দরপত্র বাতিল, সংশোধন ও গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

20/04/26


(মোছাঃ নাজমা নাহার)
উপসচিব
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মুন্সীগঞ্জ
zpmunshiganj@lgd.gov.bd
ফোন: ০২-৯৯৭৭৩১২৩৩ (অফিস)




CS CamScanner